তারিখ ....11.AUG.2016
পৃষ্ঠা ..৮... কলাম..৬... ......

সংবাদ

# স্কুলে 'দুপুরের খাবার' চালু

জেলা বার্তা পরিবেশক, ঠাকুরগাঁও

ঠাকুরগাঁও পীরগঞ্জ উপজেলার কান্তোর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মিড ডে-মিল কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে। গত শনিবার দুপুরে এই কার্যক্রমের শুভ উদ্বোধন করেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব হুমায়ূন খালিদ। এ সময় আরো উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মুকেশ চন্দ্র বিশ্বাস, ঠাকুরগাঁও-৩ আসনের সাবেক এমপি ইমদাদুল হক, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার হারেছ উদ্দিন, পীরগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার এবিএম ইফতেখারুল ইসলাম। এ সময় সচিব কান্তোর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ক্ষুদে শিক্ষার্থীদের মাঝে খাবার বিতরণ করে মিড ডে মিলের উদ্বোধন করেন।

উল্লেখ্য, ঠাকুরগাঁও জেলা প্রশাসক মুকেশ চন্দ্র বিশ্বাস ঠাকুরগাঁওয়ের বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে মিড ডে মিল কার্যক্রম চালু করণে সুনাম অর্জন করেছেন। ফলে বিদ্যালয় গুলোতে দিন দিন শিক্ষার্থীদের উপস্থিতি বৃদ্ধি পাচ্ছে বলে বিদ্যালয়ের শিক্ষকরা জানিয়েছেন। এর আগে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব হুমায়ূন খালিদ ডোমরাদহ-২ সরকারী প্রাথমিক বিদ্যালয়ের দ্বীতল ভবনের উদ্বোধন করেন ও পীরগঞ্জ উপজেলা শিক্ষক ও সুধীজনদের সাথে মতবিনিময় সভায় অংশগ্রহণ করেন।



সংবাদ

ঠাকুরগাঁয়ে স্কুলে দুপুরের খাবার খাচ্ছে শিক্ষার্থীরা